আয় তবে সহচরী, হাতে হাতে ধরি ধরি
নাচিবি ঘিরি ঘিরি, গাহিবি গান ।
আন্ তবে বীণা—
সপ্তম সুরে বাঁধ্ তবে তান ॥
পাশরিব ভাবনা, পাশরিব যাতনা,
রাখিব প্রমোদে ভরি দিবানিশি মনপ্রাণ ।
আন্ তবে বীণা—
সপ্তম সুরে বাঁধ্ তবে তান ॥
ঢালো ঢালো শশধর, ঢালো ঢালো জোছনা ।
সমীরণ, বহে যা রে ফুলে ফুলে ঢলি ঢলি ।
উলসিত তটিনী,
উথলিত গীতরবে খুলে দে রে মনপ্রাণ ॥

---

Parjaay: Prem, Taal: Tritaal, Raag: Chhayanat

Visit www.geetabitan.com for notation and other detail